

লিয়েন বলতে কি বুঝায় এবং স্বগিতকৃত লিয়েন পুনরুজ্জীবিত করা যায়?

বাংলাদেশ সার্ভিস রুলস, প্রথম খণ্ডের বিধি-৫(৩৪) অনুযায়ী “লিয়েন” বলিতে কোন সরকারী কর্মচারী কোন স্থায়ী পদে, টেনিউর পদসহ, স্থায়ীভাবে নিযুক্ত হইলে, উক্ত পদে তাৎক্ষণিকভাবে অথবা অনুপস্থিতির কাল অতিবাহিত হইবার পর স্থায়ীভাবে অধিষ্ঠিত থাকার অধিকার বুঝায়।

লিয়েন স্বগিতকরণের কারণ

বাংলাদেশ সার্ভিস রুলস, প্রথম খণ্ডের বিধি-২০(১) ও ২০(২) অনুযায়ী নিম্নোক্ত কারণে কোন কর্মচারীর লিয়েন স্বগিত করা যায়। যথা, বিধি-২০(১) যে স্থায়ী পদে একজন সরকারী কর্মচারী স্থায়ীভাবে অধিষ্ঠিত আছে, ঐ স্থায়ী পদে তাহার লিয়েন অবশ্যই স্বগিত রাখা হইবে, যদি তিনি নিম্নোক্ত পদে স্থায়ীভাবে নিয়োজিত হন।

(এ) কোন টেনিউর পদে নিয়োগের ক্ষেত্রে, অথবা

(বি) তাহার নিজস্ব ক্যাডার বহির্ভূত কোন স্থায়ী পদে নিয়োগের ক্ষেত্রে, অথবা -

সি) একজন কর্মচারীর লিয়েন স্বগিত করিবার পর অন্য এক পদ স্থায়ীভাবে নিয়োগ করে, ঐ পদে তাহার লিয়েন সাময়িকভাবে স্বগিত করা হইলে

(২) যে স্থায়ী পদে একজন সরকারী কর্মচারী স্থায়ীভাবে অধিষ্ঠিত আছেন ঐ স্থায়ীর লিয়েন স্বগিত রাখা যাইবে, যদি তিনি বাংলাদেশের বাহিরে প্রেষণে নিয়োজিত হন বা ফরেন সার্ভিসে বদলি হন অথবা (১) উপবিধির অন্তর্ভুক্ত নয়, এমন ক্ষেত্রে যদি স্থায়ীভাবে বা অফিসিয়েটিংভাবে অন্য ক্যাডারের কোন পদে বদলি হন এবং প্রতিয়মান হয় যে, তাহার সেই পদে লিয়েন রহিয়াছে, ঐ পদ হইতে তিনি কমপক্ষে তিন বৎসর অনুপস্থিত থাকিবেন।

বাংলাদেশ সার্ভিস রুলস, প্রথম খণ্ডের বিধি-২০(৫) ও বিধি (৬) তে বর্ণিত লিয়েন পুন: প্রাপ্তির বিধানসমূহ নিম্নে প্রদত্ত হইল :

বিধি-২০(৫)। একজন সরকারী কর্মচারীর (১) উপ-বিধির আওতায় স্বগিতকৃত লিয়েন পুনর্জীবিত হইবে, উক্ত বিধিতে বর্ণিত পদের অধিষ্ঠাকাল সমাপ্তির সঙ্গে সঙ্গে।

বিধি-২০(৬)। একজন সরকারী কর্মচারীর (২) উপবিধির আওতায় স্বগিতকৃত লিয়েন পুনর্জীবিত হইবে, বাংলাদেশের বাহিরে প্রেরণ কালের ফরেন সার্ভিসের বা অন্য ক্যাডারের পদে অধিষ্ঠিত থাকিবার মেয়াদ সমাপ্তির সঙ্গে সঙ্গে। তবে শর্ত থাকে যে, স্বগিতকৃত লিয়েন পুনর্জীবিত করা যাইবে না, যদি সরকারী কর্মচারী ছুটিতে যান এবং প্রতিয়মান হয় যে, ছুটি শেষে তিনি বাংলাদেশের বাহিরে প্রেষণে বা ফরেন সাভসে বা অন্য ক্যাডারের পদে পুনরায় যাগেদান করিবেন এবং মােট অনুপস্থিতির চল তিন বৎসরের কম হইবে না অথবা তিনি যদি (১) উপবিধিতে বর্ণিত পদে স্থায়ীভাবে অধিষ্ঠিত থাকিবেন বলিয়া অনুমিত হয়।

